5000Rs.

INDIA NON JUDICIAL

५०००रु. Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

D. S. D. Rs. 6490/- Paid vide D.D. no. 498271 Dt. 26.10.98.

D. A 1023/-

Admissible under Regn. Rule ... duly Stamped under the Indian Stamp Act 1899 as amended by Act ... of 19.. and section 81 of the Calcutta Improvement Act 1911 ... Schedule 1A ... Stamp Duty Paid under the Indian Stamp Act 1899 as amended ... Additional duty Paid under the Calcutta Improvement Act 1911

Rs P

Total Rs

মং ১,৩০,০০০.০০ একলাখ ত্রিশ হাজার টাকা

মূল্যের নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল

**************************************

কোবালা গ্রহিতা :-

১। শ্রী ভূপেন্দ্রমোহন সাহা, পিতা স্বর্গীয় অবিনাশ চন্দ্র সাহা, জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাং ৫০১২-ডি, সাউথ রোড, সন্তোষপুর, থানা কসবা, কলিকাতা-৭০০০৭৫ ।

২। শ্রী নিতাই মুখার্জী, পিতা স্বর্গীয় সুশীল মুখার্জী, জাতি হিন্দু, পেশা ব্যবসা, সাং ৩ নং শান্তিপথ ,

12311

Bhupendramohan Sahasor
2012-D South ...
Santoshpur ...

... Collectorate,

...ted for Registration ...
... A.M./P.M on the ...
Day of July 19 98
at the Sadar Registration Office
Alipore, South 24-Pgs.
Executant/Claimant ... of one of
the Executant / Claimant ...
Attorney for ...
Executant / Claimant under
Power of attorney No ...
authenticated ...
of 19 ... Registrar

Shri ... Banerjee
S/o Mihir Kr Banerjee
... Pathiapara
P.S. Sonarpur.

Name ...
S/o W/o D/o ...
of ...
Dist. South 24-Parganas.
By Caste Hindu/Muslim
by Profession ...

শ্রীলতা ব্যানার্জী

V.C.-T-9
605

Mihir Kr Banerjee
S/o Lt. ...

Name ...
... Sonarpur
Dist. South 24-Parganas
By Caste Hindu/Muslim
by Profession ...

শ্রীলতা ব্যানার্জী
মিহির কুমার ব্যানার্জী

District Sub-Registrar III
Alipur 24 Parganas (South)






সন্তোষপুর, থানা কসবা, কলিকাতা-৭০০০৭৫ ।

৩। শ্রীমতী শম্পা কর্মকার, স্বামী শ্রী তাপস কর্মকার, জাতি হিন্দু, পেশা গৃহস্থালী, সাং ৫ নং শান্তিপথ, সন্তোষপুর, থানা কসবা, কলিকাতা-৭০০০৭৫ ।

**************************************************

কোবালা দাতা :-
****************

শ্রীমতী শ্রীলতা ব্যানার্জ্জী, স্বামী শ্রী মিহির কুমার ব্যানার্জ্জী, জাতি হিন্দু, পেশা গৃহস্থালী, সাং উখিলা পাইক পাড়া, পোঃ নরেন্দ্রপুর, থানা সোনারপুর, জেলা দক্ষিণ ২৪ পরগণা ।

**************************************************

12871

Bhupendra Mohan Saha
50/2-D South Santosh Pur
Cal 75

Collector

6-3-98

Treasurer

District Sub-Registrar III
Alipur 24 Parganas (South)






কস্য আমার খরিদা সূত্রে প্রাপ্ত নিম্ন বর্ণিত ৪ চার কাঠা ১৪ চৌদ্দ ছটাক ২২ বাইশ স্কোয়ার ফুট শালী জমির মধ্য হইতে দক্ষিণ দিকের রাস্তা প্রশস্থ করনের দরুন আমার অংশের ১০´ ফুট রাস্তার জন্য ৭ সাত ছটাক ১০ দশ স্কোয়ার ফুট জমি দেওয়া বাদে ৪ চার কাঠা ৭ সাত ছটাক ১২ বার স্কোয়ার ফুট জমি যায় সর্ব্ব প্রকারের ব্যাবহারিক ও ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগে :-

12811

Serial No.
Sold to Bhubandra Mohan Saha sio
of 50/2-D South Rd
Santosh Pur Cal 75

Calcutta Collectorate,

6 7 '85

Treasurer

District Sub-Registrar In
Alipur 24 Parganas (South)

1000 Rs.




181

জেলা দক্ষিণ ২৪ পরগণা, পরগণা খাসপুর, থানা সাবেক সদর টালিগঞ্জ, তৎপর যাদবপুর, হাল কসবা, সাব-রেজিস্ট্রী অফিস বর্ত্তমানে শিয়ালদহ, বর্ত্তমানে দি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১০১ নং ওয়ার্ডের এলেকাধীন, অত্র জেলা কালেক্টারীর ৫৬ নং তৌজি ভুক্ত, রে,সা, নং ৩, জে,এল, নং ২৫, মৌজা নয়াবাদ গ্রামের হাল রিভিসন্যাল সার্ভে সেটেলমেন্ট জরিপের ৭২ বায়াত্তর নং খতিয়ানের অধীন ১৮৮ একশত অষ্টাশি নং দাগের ২.৭২ শতক শালী জমি সহ উক্ত খতিয়ানের মোট ২২.৪১ টাকা করের জমি জমা চক্‌গনিয়াগাছি

12871

Serial No. ..........
Sold to ..... Bhubendra mohan Sahasey
of ..... 50/2-D South Rl Santoshpur
.....
Calcutta Collectorate, ..... Cal 75
Date 6-3-98 .....

Treasurer

Office of the 24 Pgs. Sub-Registrar ... South 24-Parganas, Alipore

Joint Sub-Registrar III
Alipur 24 Parganas (South)

1000Rs.






নিবাসী হরিচরন প্রামানিক মহাশয়ের পুত্র বসন্ত প্রামানিক মহাশয়ের পৈত্রিক ওয়ারিশান সুত্রে প্রাপ্ত এবং ভোগ দখলীয় সম্পত্তি থাকে ।

অতঃপর উক্ত সম্পত্তি উক্ত বসন্ত প্রামানিক মহাশয়ের পৈত্রিক ওয়ারিশান সুত্রে প্রাপ্ত এবং তাহার এক ষোল আনা রকম অংশের ভোগ দখলীয় সম্পত্তি থাকা অবস্থায় হাল রিভিসন্যাল সার্ভে সেটেলমেন্ট জরিপ উপস্থিত হইলে পর উক্ত ৭২ নং খতিয়ানের সম্পত্তি তাহার নাম বরাবর এক ষোল আনা রকম অংশে চুড়ান্ত ভাবে রেকর্ড ভুক্ত হইয়া হাল জরিপের পরচা বাহির হয় এবং তিনি মালিক সরকারের ধার্য্য খাজনাদি নিয়মিত ভাবে তাহার নাম বরাবর

12371

Serial No. ...
Sold to Bhupendra Mohan Sarkar
of 50/2-D South ...
Santoshpur Cal-75

Calcutta Collectorate,
Treasury
Date 6-2-88

Treasurer

Office of the Dist. Sub-Registrar III, South 24-Parganas, Alipore

Sub-Registrar III
Alipur 24 Parganas (South)

100Rs.

INDIA NON JUDICIAL

१००रु. Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES



আদায় দিয়া তাহার দাখিলাদি গ্রহনে অন্যের বিনা স্বত্ব সংস্রবে এক ভাবে ষোল আনা রকম অংশে উক্ত সম্পত্তি ভোগ দখল করিতে থাকেন।

অতঃপর উক্ত বসন্ত প্রামানিক মহাশয় উক্ত প্রকারে উক্ত সম্পত্তি পৈত্রিক ওয়ারিশান সূত্রে এবং হাল রিভিসন্যাল সার্ভে সেটেলমেন্ট জরিপে তাহার নাম বরাবর রেকর্ড সূত্রে প্রাপ্ত হইয়া এক ষোল আনা রকম অংশে ভোগ দখল করিতে থাকা অবস্থায় তিনি তাহার একমাত্র স্ত্রী শ্রীমতী ভাদুরী প্রামানিক এবং ৩ তিন পুত্র যথাক্রমে ১। শ্রী গণেশ প্রামানিক ২। শ্রী হীরন প্রামানিক ও ৩। শ্রী নরেন

12371

Serial No.

Sold to Bhupendra mohan Saha s/o

of 50/2-D South Rd Santoshpur Cal-75

Calcutta Collectorate,

Treasury

Date 6-2-85

Treasurer

Office of the Dist. Sub-Registrar-III, South 24-Parganas, Alipore

District Sub-Registrar III
Alipur 24 Parganas (South)

10 Rs.




।৭।

প্রামানিক এবং ২ দুই কন্যা যথাক্রমে ১। শ্রীমতী সাবিত্রী মন্ডল (প্রামানিক), স্বামী শ্রী ভিমু মন্ডল ও ২। শ্রীমতী প্রমিলা প্রামানিক, স্বামী শ্রী কাঞ্চন প্রামানিক এই মোট একস্ত্রী, তিন পুত্র ও দুই কন্যা ছয়জনকে তাহার কেবল মাত্র ওয়ারিশ উত্তরাধিকারী ও উত্তরাধিকারিনী বিদ্যমান রাখিয়া এবং কোন প্রকার উইলাদি সম্পাদন না করিয়া পরলোক গমন করেন ।

অতঃপর উক্ত বসন্ত প্রামানিক উক্ত প্রকারে পরলোক গমন করিলে পর তাহার ত্যাক্ত সমুদয় সম্পত্তি উল্লিখিত তাহার একমাত্র স্ত্রী, তিন পুত্র ও দুইকন্যা স্বামী ও পিতার ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া এজমালী তে ভোগ দখল করিতে থাকেন ।

12311

Serial No. ......

Sold to ...... Bhupendra Mohan Saha s/o

of ......

...... 50/2-D South Rd. Santoshpur

...... Cal 75

Calcutta Collectorate,

Treasury

Date 6 2 1978

Treasurer

1 — 5000/-

4 — 4000/-

1 — 100/-

1 — 10/-

9110/-

District Sub-Registrar III

Alipur 24 Parganas (South)

অতঃপর উল্লিখিত বসন্ত প্রামানিকের ওয়ারিশানগণ তাহার স্ত্রী শ্রীমতী ভাদুরী প্রামানিক, পুত্রগণ শ্রী গণেশ প্রামানিক, শ্রী হীরন প্রামানিক, শ্রী নরেন প্রামানিক এবং কন্যাদ্বয় শ্রীমতী সাবিত্রী মন্ডল(প্রামানিক), শ্রীমতী প্রমিলা প্রামানিক, স্বামী ও পিতার ওয়ারিশান সূত্রে উক্ত সম্পত্তি প্রাপ্ত হইয়া এজমালীতে ভোগ দখল করিতে থাকা অবস্থায় তাহাদের একালীন কিছু নগদ অর্থের আবশ্যকে তাহারা একযোগে তাহাদের প্রাপ্ত উক্ত বর্ণিত সম্পত্তির মধ্য হইতে হাল ৭২ নং খতিয়ানের অধীন ১৮৮ নং দাগের জমির মধ্য হইতে ৩০ ত্রিশ কাঠা জমি বিক্রয়ের জন্য উহার মধ্য হইতে কমন প্যাসেজাদি রাখিয়া ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিভক্ত করিয়া তাহা বিক্রয় করার ঘোষণা করিলে পর অত্র কোবালা দাত্রী আমি তাহাদের উক্ত স্কীমের মধ্য হইতে ৪৩ নং প্লটের ৪ চার কাঠা ১৪ চৌদ্দ ছটাক ২২ বাইশ স্কোয়ার ফুট জমি বিগত ইংরাজী ১৯৮৪ সালের ২৩শে নভেম্বর তারিখে আলিপুর ডিস্ট্রী সাব-রেজিস্ট্রী অফিসের রেজিস্ট্রীকৃত ১ নং বহির ১৪৬ নং ভল্যুমের ১৯৮ হইতে ২০৭ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ১৩৭৩৪ নং একেতো সাফ বিক্রয় কোবালা দলিল মূলে তৎকালীন বাজারোচিত সর্ব্বোচ্চ পণ মূল্য প্রদানে খরিদ করিয়া বর্তমানে দি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানে আমার নিজ নাম পত্তন পূর্ব্বক উহার ধার্য্যকৃত ট্যাক্সাদি আদায়ে আমার নিজ খাসে ভোগ-দখল করিতে থাকি এবং বর্তমানে উক্ত কর্পোরেশান হইতে উহার প্রেমিসেস নং ১৫১-নয়াবাদ ধার্য্য হয়। তৎপর আমার খরিদা উক্ত ৪ চার কাঠা ১৪ চৌদ্দ ছটাক ২২ বাইশ স্কোয়ার ফুট জমির মধ্য হইতে দক্ষিণ দিকের রাস্তা প্রশস্থ করনের দরুন আমার উক্ত সম্পত্তির মধ্য হইতে আমার অংশের ১০´ ফুট রাস্তার

শ্রীমতী ব্যানার্জী



দরুন ৭ সাত ছটাক ১০ দশ স্কোয়ার ফুট জমি দেওয়া বাদে বক্রী ৪ চার কাঠা ৭ সাত ছটাক ১২ বার স্কোয়ার ফুট জমির বর্তমানে আমি একক ষোল আনা রকম অংশের ভোগবতী ও মালিক দখলকারিনী হইতেছি ও আছি ।

এক্ষণে আমার নানাবিধ বৈধ ও সঙ্গত কারনে নগদ টাকার আবশ্যকে উপরোক্ত ও নিম্ন তপশীন বর্ণিত জমি যায় উক্ত রোডের সর্ব্ব প্রকারের ব্যাবহারিক ও ইজমেন্ট সুত্বাদি সহ বিক্রয় করার ঘোষণা করিলে আপনারা অত্র কোবালা গ্রহিতাগণ তাহা অবগত হইয়া বর্তমান বাজারোচিত সর্ব্বোচ্চ মবলগে ১,৩০,০০০.০০ একলাখ ত্রিশ হাজার টাকা পণ মূল্যে খরিদ করিতে ইচ্ছুক হইয়া আমার নিকট প্রকাশ ও প্রস্তাব করিলে আমি আপনাদের প্রস্তাবে এবং প্রস্তাবিত মূল্যে সম্মত ও স্বীকৃত হইয়া অদ্যকার তারিখে আমি আপনাদের নিকট হইতে উক্ত ধার্য্য পণ মূল্যের সমুদয় মবলগে ১,৩০,০০০.০০ একলাখ ত্রিশ হাজার টাকা নিম্ন আয়মত এককালীন নগদে গ্রহণ করিয়া এবং এতদ্বারা তাহার প্রাপ্তি স্বীকারে অত্র নি:সুত্ব সাফ বিক্রয় কোবালা দলিল আপনাদের নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গিকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে,-

উপরোক্ত ও নিম্নের তপশীলে বিশেষ ভাবে বর্ণিত সম্পত্তি অত্র কোবালা দলিল মূলে আপনাদিগকে সাফ বিক্রয় করিয়া দিয়া উক্ত বিক্রীত সম্পত্তি হইতে আমি যায় আমার পুত্র, পৌত্রাদি, ওয়ারিশানগণক্রমে এককালীন চিরতরের জন্য নি: সুত্ব ও দখলীচ্যুত হইলাম এবং উক্ত ও নিম্ন তপশীন বর্ণিত সম্পত্তির উপর এযাবৎকাল আমার যে সকল সুত্ব, স্বামিত্ব, সংশ্রব, লভ্য, দখল, হক-হকিয়তাদি, দাবী-দাওয়া ইত্যাদি

ছিল বা আছে তৎসমুদয় অদ্যকার তারিখের অত্র কোবালা দলিলের বনিয়াদে আমার হইতে একালীন চিরতরের জন্য সম্পূর্ণ রদ, রহিত, লুপ্ত হইয়া আপনাদের প্রতি সম্পূর্ণরূপে ষোল আনা রকম অংশে নির্ব্যূঢ় স্বত্বে বর্ত্তিল বা অর্শিল। আপনারা অদ্য হইতে উপরোক্ত ও নিম্ন তপশীলস্থ জমির দখলাদি গ্রহণ করতঃ উক্ত সম্পত্তির দরুন আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও মালিক দখলীকার নিযুক্ত হইয়া উহার দরুন মালিক সেরেস্তায়-কালেক্টারীতে, বর্তমানে দি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে, কলিকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনে ও আপনাদের প্রয়োজনীয় অন্যান্য যে কোন স্থানে আমার নামের পরিবর্তে আপনাদের নিজ নিজ নাম পত্তন পূর্ব্বক নির্দ্ধারিত খাজনা ও ট্যাক্সাদি আদায়ে আপনারা যায় আপনাদের পুত্র, পৌত্রাদি, ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে দান, বিক্রয়, বন্ধকাদি, বিলি, পত্তনাদি সর্ব্ব প্রকারের হস্তান্তরের দ্বারা আমার তুল্য ক্ষমতা পরিচালনে যদৃচ্ছা গৃহাদি নির্ম্মাণে সর্ব্ব প্রকারের অবস্থান্তরাদির ও রূপান্তরাদির দ্বারা আপনাদের সার্ব্বভৌম ক্ষমতা পরিচালনে যদৃচ্ছামত ব্যাবহারে পরম সুখে নির্ব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিতে থাকুন। তাহাতে ভবিষ্যতে আমি বা আমার পুত্র, পৌত্রাদি, ওয়ারিশানগণক্রমে কেহ কিম্বা আমার পক্ষে অপর কেহ কস্মিন কালেও অত্র বিক্রীত সম্পত্তির দরুন কোন প্রকার ওজর আপত্তি বা দাবী-দাওয়া করিতে পারিব না ও পারিবেক না। যদি করি বা কেহ করে তবে ঐ প্রকারের যে কোন আপত্তি সর্ব্ব আদালতে, অফিসে বা সালিশীতে সর্ব্বত্র সর্ব্বদা অগ্রাহ্য, বাতিল, পণ্ড ও না-মঞ্জুর বলিয়া গণ্য হইবে।

এতদ্বারা আরও স্বীকার করিতেছি যে, বিক্রীত সম্পত্তির উপর কোনরূপ বন্ধক,

মর্টগেজ, চার্জ্জ, লিয়েন বা দায় নাই, কিম্বা আমি উহা বা উহার কোন অংশ কখনও কাহাকেও দান, বিক্রয়, বন্ধক ইত্যাদির দ্বারা কোন প্রকার হস্তান্তর করি নাই বা উহা কাহারও জামানতে অথবা কোন আদালত হইতে কোন প্রকার ক্রোকাদির দ্বারা আবদ্ধ নাই বা উক্ত সম্পত্তি সম্বন্ধে কোন আদালতে কোনরূপ নালিশ বা মোকর্দ্দমা দায়ের নাই বা উহার সম্বন্ধে অপর কোন বিক্রয়ের চুক্তি করি নাই বা কোনরূপ চুক্তি বলবৎ নাই বা উহা কোন প্রকার দেব সেবাতে বা কোন প্রকার ট্রাস্টে অর্পিত নাই বা উক্ত সম্পত্তি সম্বন্ধে কোন প্রকার মেয়াদী বা বে-মেয়াদী প্রজা বিলি বা কোন প্রকার বিলি বন্দোবস্ত নাই বা উহাতে কোন ভাগ চাষী নাই বা উক্ত সম্পত্তিতে আমাদের অপর কোন শরিক নাই বা উহাতে অপর কাহারও কোনরূপ স্বত্ব, স্বার্থ, দাবী বা সংশ্রব নাই। আমি উক্ত সম্পত্তির ষোল আনা মালিক হইতেছি ও উহা আমার ষোল আনা খাস দখলে থাকা অবস্থায় আপনাদের নিকট নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি হইতে চিরকালের জন্য নিঃস্বত্ব ও দখলচ্যুত হইয়া আপনাদের অনুকূলে ষোল আনা খাস দখল প্রদান করিলাম।

যদি আমার উপরোক্ত উক্তি সমূহের মধ্যে কোন একটি উক্তি মিথ্যা, আংশিক বা বিপরীত বলিয়া প্রকাশ পায় তাহা হইলে আমি মাফিক আইন আমলে আসিব ও তজ্জন্য আপনাদের যাহা কিছু ক্ষতি খেসারত হইবে তৎসমুদয় মায় সুদ সহ এককালীন পূরন করিতে বাধ্য রহিলাম।

আরও প্রকাশ থাকে যে, অত্র দলিলে যদি কোন ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায়

সুদীপ্ত ব্যানার্জী



তাহা হইলে আমি আপনাদের তলবমত আপনাদের খরচায় উক্ত ভুল ভ্রান্তির জন্য অপর যে কোন প্রকারের সংশোধন দলিল করিবার আবশ্যক হইবে তাহাও সংশোধন ও রেজিস্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম।

বিক্রীত সম্পত্তির দক্ষিণ দিকে যে রাস্তা আছে উক্ত রাস্তা তৈরীর দরুন আমি আমার খরিদা সম্পত্তি হইতে ৭ সাত ছটাক ১০ দশ স্কোয়ার ফুট জমি ছাড়িয়া দিয়াছি, যাহার দরুন উক্ত রাস্তার সর্ব্ব প্রকারের ব্যাবহারিক ও ইজমেন্ট স্বত্বাদি আমার আছে। অতএব অত্র কোবালা গ্রহিতাগণ আপনারা আমার স্থলাভিষিক্ত স্বরূপ উক্ত রাস্তার সর্ব্ব প্রকারের ব্যাবহারিক ও ইজমেন্ট স্বত্বাদি আপনাদেরও রহিল।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, স্বেচ্ছায়, সুজ্ঞানে অত্র বিক্রয় কোবালা দলিলখানি দলিল গ্রহিতাগণ আপনাদের নাম বরাবর লিখিয়া তাহা পাঠ করতঃ মর্ম্ম সকল অবগত হইয়া এবং নিম্নে তপশীল বর্ণিত ভূমির মূল্যের সাকুল্য টাকা নিম্নের জায়মত গ্রহণ করিয়া অত্র বিক্রয় কোবালা দলিল আপনাদের নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিলাম। ইতি সন ইংরাজী ১৯৯৮ সালের ৯ই জুলাই, মোতাবেক বাংলা ১৪০৫ সালের ২৪শে আষাঢ়।

বিক্রীত সম্পত্তির তপশীল পরিচয় :-

********************************

জেলা দক্ষিণ ২৪ পরগণা, পরগণা খাসপুর, থানা সাবেক সদর টালিগঞ্জ, তৎপর যাদবপুর, হাল কসবা, সাব-রেজিস্ট্রী অফিস বর্তমানে শিয়ালদহ, বর্তমানে দি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ১০৯ নং ওয়ার্ডের এলেকাধীন, অত্র জেলা কালেকটারীর ৫৬ নং তৌজি ভুক্ত, রে, সা, নং ৩, জে, এল, নং ২৫, মৌজা

মৌজা নয়াবাদ গ্রামের হাল রিভিসন্যাল সার্ভে সেটেলমেন্ট জরিপের ৭২ বায়াত্তর নং খতিয়ানের অধীন ১৮৮ একশত অষ্টাশি নং দাগের আমার খরিদা ৪ চার কাঠা ১৪ চৌদ্দ ছটাক ২২ বাইশ স্কোয়ার ফুট শালী জমির মধ্য হইতে দক্ষিণ দিকের রাস্তা তৈরীর দরুন ৭ সাত ছটাক ১০ দশ স্কোয়ার ফুট জমি দেওয়া বাদে অবশিষ্ট এবং বর্তমানে আমার দখলীয় ৪ চার কাঠা ৭ সাত ছটাক ১২ বার স্কোয়ার ফুট শালী জমি যায় সর্ব্ব প্রকারের ব্যাবহারিক ও ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহা অত্র সহ গ্রথিত নক্শায় লাল রংয়ের বর্ডার দ্বারা সীমাকৃত ও সুচিহ্নিত করিয়া দেখান হইল। উহার হারাহারি বার্ষিক খাজনা কমবেশ ৩০ পয়সা, যাহা বর্তমানে পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিণ ২৪ পরগণা জেলার কালেক্টার বাহাদুরের সেরেস্তায় দেওয়া হইতেছে। উক্ত জমিতে বর্তমানে কৃষিকার্য্য হইতেছে।

বিক্রীত সম্পত্তির চৌহদ্দি :-
*************************

উত্তরে :- ৩১ ও ৩২ নং প্লটের জমি।

দক্ষিণে :- ২০´ ফুট প্রশস্ত রাস্তা।

পূর্ব্বে :- ৪২ নং প্লটের জমি।

পশ্চিমে :- অন্যের জমি।

তপশীল টাকার জায় :-
********************

অদ্য রোজ নগদ নওয়া ১০০, টাকার নোট ১৩০০ কেতায় ----- ১,৩০,০০০.০০ টাকা।

নগদে একলাখ ত্রিশ হাজার টাকা বুঝিয়া পাইয়া সহি করিলাম।

[illegible]

ইসাদী :-

১। [illegible]
P.O. [illegible]
২৪- পরগনা

২। [illegible]
[illegible] -৭৫

৩। [illegible]
কলিকাতা-৭৫

৪। Bapi Kar
7 No Mukunda Pur
Cal-78.

মুসাবিদা কারক :-

Rattan Kr. Dutta
Advocate
Alipore Cal-27

টাইপ কারক :-

[illegible]
শ্রী সমীর কুমার দাস।
আলিপুর পুলিশ কোর্ট।
কলিকাতা-২৭।

BOOK NO 1

VOLUME NO 32

PAGES 155 TO 168

BEING NO 4548

FOR THE YEAR 1998

District Sub-Registrar III
Alipur 24 Parganas (South)

District Sub-Registrar III
Alipur 24 Parganas (South)